

সামাজিক নেটওয়ার্কের মাধ্যমে সুসমাচার প্রসার

যীশুকে আপনার বন্ধু হিসাবে গ্রহণ করুন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন W1b পাঠ করা উচিত।

- ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় এবং মন প্রস্তুত করুন, যাতে আপনি তাদের বন্ধু ও আত্মীয়দের কাছে খ্রীষ্টের জন্য সাক্ষ্য দান করতে আপনার দলকে সাহায্য করতে পারেন।

“প্রিয়তম পবিত্র আত্মা, আমাদের পুনরুত্থিত ত্রাণকর্তা যীশু খ্রীষ্টকে আমাদের বন্ধু করতে তুমি আমাদের তোমার শক্তি দাও।”

কি ঘটেছিল যার ফলে অন্য শহরে এবং সংস্কৃতিতে নূতন উপাসক মণ্ডলী জন্ম নিয়েছিল, সেই বিষয়টি প্রেরিত ১০ অধ্যায়ে খুঁজে দেখুন।

- ঈশ্বর যখন এই ঘটনাটির জন্য লোকদের প্রস্তুত করতে শুরু করেছিলেন, তখন পিতর এবং কনেলিয় কি করেছিলেন?



- কনেলিয় যখন প্রার্থনা করছিলেন, তখন দূত তাকে কি করতে বলেছিলেন?



- কনেলিয় যে সৈন্যদের পাঠিয়ে ছিলেন, তারা যোফাতে পৌছানোর পূর্বে ঈশ্বর পিতরকে পরজাতির গৃহে প্রবেশ করতে এবং তাদের নিষিদ্ধ খাদ্য আহারের জন্য পিতরকে প্রস্তুত করেছিলেন। পিতর তার দর্শনে আতঙ্ক জনক কি দেখেছিলেন?

- ঈশ্বর দর্শনে পিতরকে অশুচি পশু ভক্ষণের

বিষয় বলার পর, তিনি বুঝতে পেরেছিলেন যে তাকে সমস্ত জাতির লোকদের সম্মান করতে হবে। কৈসারিয়াতে পিতরের সঙ্গে কর্নেলিয়ের ঘরে কে গেছিলেন? পিতর এবং তাঁর সঙ্গী যখন কৈসারিয়ার পৌছে ছিলেন, তখন তারা কর্নেলিয়ের ঘরে কাকে অপেক্ষা করতে দেখেছিলেন?

- পিতর কর্নেলিয়ের ঘনিষ্ঠ বন্ধুবর্গ এবং পরিবারের কাছে যীশুর বিষয়ে শেষ কি বিষয় সম্বন্ধযুক্ত করেছিলেন?

- পিতর যখন যীশুর জীবনদায়ী পুনরুত্থান ঘোষণা করেছিলেন, তখন যারা তা শুনছিলেন তাদের উপর পবিত্র আত্মা নেমে এসেছিল। পিতর এবং তাঁর সহকর্মীগণ কিভাবে তাদের বিশ্বাস এবং অনুতাপকে সুনিশ্চিত করে ছিলেন?

- নূতন বিশ্বাসীগণ বাপ্তাইজ হওয়ার পর পিতর কতসময় তাদের কাছে ছিলেন?

- পিতর এবং তাঁর সহকর্মীদের নূতন বিশ্বাসীদের মধ্যে খ্রীষ্টের

প্রতি বাধ্যতা প্রতিষ্ঠা করার জন্য সেখানে আরও কিছুদিন থেকে গেছিলেন। পিতর কি মূল্যবান উপকরণ ব্যবহার করেছিলেন? তিনি কি সাক্ষ্যদানের..... দক্ষতা পদ্ধতি ব্যবহার করেছিলেন যা সাধারণ লোকেরা অনুকরণ করতে পারে না?

- এই ছবিটাতে কি ভুল আছে? (উত্তরঃ এই সুসমাচার প্রচারকটি খ্রীষ্টের বিষয় এমনভাবে বলতে ব্যর্থ হয়েছিলেন যা নূতন



আমি মনে করি আমি সুসমাচার প্রসারিত করতে পারি! কিন্তু আমি পারি না। কারণ আমার গীটার নেই এবং আমি এই মহান সুসমাচার প্রসারকের মত উচ্চ স্বরে গান করতে পারি না।

বিশ্বাসীগণ অনুকরণ করতে পারেন। তিনি ব্যক্তি থেকে ব্যক্তিতে বাণী প্রবাহিত হতে দেন নি। যখন পিতরের মত সুসমাচার প্রসারক এমন পদ্ধতি ব্যবহার করেন, করেন যা সমস্ত বিশ্বাসীরা ব্যবহার করতে পারেন, তখন সুসমাচারটি আরও অসংখ্য লোকের মধ্যে ছড়িয়ে পড়তে পারে। কিছু বিশেষ অনুষ্ঠানে লোকদের যীশুর বিষয়ে শোনার জন্য আকর্ষণ করতে ভাল যন্ত্রসঙ্গীত থাকা সম্ভব। যাইহোক, যন্ত্রসংগীত সুসমাচার প্রসারের প্রধান পদ্ধতি অবশ্যই হওয়া উচিত নয়।)

২. সপ্তাহব্যাপী করণীয় কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

- বিশ্বাসীদের বন্ধু এবং আত্মীয়দের কাছে খ্রীষ্টের বিষয় বসার জন্য পরিকল্পনা করুন।
- ঈশ্বরের কাছে যাক্রা করুন যেন এমনভাবে সাক্ষ্যদানের বিষয় চিন্তা করতে আপনাকে সাহায্য করেন যা প্রত্যেকে সহজ করতে পারেন।
- কর্মীদের এমন লোকদের কাছে যাওয়ার বিষয়ে পরিকল্পনা করুন, যারা কখন যীশুর কথা শোনেন নি। তাদেরকে কর্নেলিয়ার মত এমন লোকদের অন্বেষণ করতে হবে যাদের ঈশ্বর সুসমাচার শোনার জন্য এবং বন্ধুদের কাছে ইহার সহভাগিতা করার জন্য প্রস্তুত করেছেন।

৩. আসন্ন আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

অনুষ্ঠান এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই ক্রিয়াকলাপগুলো পছন্দ করুন। উদাহরণঃ

প্রেরিত ১০ অধ্যায় থেকে পিতর এবং কর্নেলিয়ার গল্পটি বলুন অথবা অভিনয় করে দেখান।

ভাগ ১ এ আপনি যে বিষয়গুলো খুঁজে পেয়েছেন সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন। প্রেরিত ১০ অধ্যায় আপনি যে সত্যগুলো আবিষ্কার করেছেন তা বিশ্বাসীদের বলতে সাহায্য করুন। নিম্নলিখিত বিষয়ে কথা বলুনঃ

- প্রার্থনার মাধ্যমে সুসমাচার প্রসারের কাজ শুরু হয়।
 - যারা সুসমাচার গ্রহণ করেন এবং যারা ইহা তাদের কাছ থেকে গ্রহণ করেন তাদের উভয়কেই ঈশ্বর প্রস্তুত করেন, যাতে তারা উভয়েই পবিত্র আত্মার মাধ্যমে বিষয়গুলো বুঝতে পারেন।
 - দুজন অথবা অধিক খ্রীষ্টানদের উচিত একসঙ্গে কাজ করা। যীশু এবং তাঁর প্রেরিতগণ কখন একাকী যাত্রা করতেন না।
 - পরিবারের সদস্যদের এবং তাদের ঘনিষ্ঠবন্ধুদের নেটওয়ার্কের মাধ্যমে খুব সহজেই সুসমাচার প্রবাহিত হয়।
 - এইভাবে সহজ সুসমাচার প্রবাহের জন্য এমন পদ্ধতি ব্যবহার করুন যা নতুন বিশ্বাসীগণ খুব সহজেই অনুকরণ করতে পারে। উদাহরণস্বরূপ, পিতর এত সহজভাবে যীশুর কথা, তাঁর ত্যাগপূর্ণ মৃত্যু এবং জীবন দানকারী পুনরুত্থানের বিষয় বলতেন যে যে কোন ব্যক্তি তা একইভাবে করতে পারতেন।
 - বাপ্তিস্মের মাধ্যমে নতুন বিশ্বাসীদের বিশ্বাস ও অনুতাপকে সুনিশ্চিত করুন।
 - কিছু সময় যাবৎ নতুন বিশ্বাসীদের সঙ্গে থাকুন, যীশুর বাধ্য হতে তাদের শিক্ষা দিন, তাদের নতুন বিশ্বাসে প্রতিষ্ঠিত করুন। যদি সেই সমাজে কোন উপাসকমণ্ডলী না থাকে, তবে একটি উপাসকমণ্ডলী সংগঠিত করুন।
- সেই সমস্ত বন্ধুদের এবং আত্মীয়দের নাম ধরে প্রার্থনা করুন যারা এখনও খ্রীষ্টে নতুন জীবন আবিষ্কার করেন নি। যারা সম্প্রতি খ্রীষ্টে বিশ্বাস করেছেন এবং আরোগ্য লাভ করেছেন, তাদের জন্য ঈশ্বরের প্রশংসা করুন। সাক্ষ্য দিন। প্রেরিত ১৬ঃ৩১ পদটি মুখস্থ করুন।

উপাসকমণ্ডলীর কাছে শিশুরা যা প্রস্তুত করেছেন সেই বিষয়গুলো উপস্থাপন করতে বলুন। শিশুদের বড়দের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন। সপ্তাহ যাবৎ আপনি সুসমাচার প্রসারের যে পরিকল্পনা করেছেন তা।

ঘোষণা করুন। বিশ্বাসীদের স্থির করতে বলুন কাদের কাছে কখন তারা খ্রীষ্টের জন্য সাক্ষ্য দেবেন। বিশ্বাসীদের দু'তিনজনের দলে মিলিত হয়ে কয়েক মিনিট প্রার্থনা করতে বলুন এবং তাদের পরিকল্পনাটিকে সুনিশ্চিত করতে বলুন।

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য ঈশ্বর পিতরকে কি ভাবে অ-যিহুদীদের

খাদ্য গ্রহণ করতে বলেছিলেন, সেই বিষয়টি ব্যাখ্যা করুন। কারন স্বর্গে সেই খ্রীষ্টের গৌরবময় বিবাহ ভোজে সমস্ত জাতির লোকেরা অন্তর্ভুক্ত হবেন। প্রভুর ভোজের বিষয়টি সেই ভোজেরই একটি পূর্ববর্তী অনুষ্ঠান। এখানে শ্রদ্ধাভাজন ব্যক্তিটি হলেন খ্রীষ্ট নিজে, যাঁকে আমরা সামনে দেখতে পাব!

